

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
স্বাস্থ্য শাখা

শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,

বিজয়নগর, ঢাকা-১০০০.

www.dife.gov.bd

বিষয়: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: নাসির উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ : ২০ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ
সভার সময় : বিকাল ০৩: ০০ ঘটিকা
সভার স্থান : অনলাইন প্ল্যাটফর্ম (গুগল মিট)
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'


সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সূচনা বক্তব্যে সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা রয়েছে। তিনি লক্ষ্যমাত্রা মোতাবেক নির্ধারিত সময়ে যথাযথভাবে কার্যক্রমসমূহ বাস্তবায়নে গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন, শুদ্ধাচার কাঠামো মোতাবেক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে যথাযথ এবং সুপরিদর্শিত পরিবীক্ষণের কোন বিকল্প নেই। সভাপতির অনুমতিক্রমে উপমহাপরিদর্শকগণ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২১-২২ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন পৃথক পৃথকভাবে সভায় উপস্থাপন করেন। সভাপতি সকল কার্যালয়ের অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনা নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।	সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ মোতাবেক লক্ষ্যমাত্রা যথা সময়ে অর্জনে করতে হবে এবং একই সাথে প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং কাঠামোর নির্দেশিত সময়সীমার মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।	ক. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। খ. যথাসময়ে ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখতে হবে।	উমহাপরিদর্শক (সকল)
২	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে কার্যক্রমসমূহ।	সভাপতির অনুমতিক্রমে জনাব অনিরুদ্ধ মহালদার, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) বলেন, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩নং ক্রমিকে এলাকাভিত্তিক শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রম, সুনির্দিষ্ট এলাকায় ডে-কেয়ার সেন্টার স্থাপনপূর্বক যথাযথ পরিবীক্ষণ, এলাকাভিত্তিক লাইসেন্স প্রদান ও লে-আউট প্ল্যান অনুমোদন সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি বলেন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় এবং দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমসমূহ অতি গুরুত্বপূর্ণ।	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে।	উমহাপরিদর্শক (সকল)

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
৩	ওয়েব সাইট হালনাগাদকরণ।	সভাপতি বলেন, ত্রৈমাসিক প্রতিবেদনসহ শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের দলিলাদি ওয়েবসাইটে নিয়মিত আপলোড জরুরি। বিভিন্ন কাঠামোর লক্ষ্যমাত্রা অর্জনে অন্যতম প্রমাণক হিসাবে ওয়েবসাইট বিবেচিত হয়।	ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে।	উমহাপরিদর্শক (সকল)

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মো: নাসির উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮৩৯১৩৪৮
ফ্যাক্স: ০২-৮৩৯১৪২৫
ইমেইল: ig@dife.gov.bd

নম্বর: ৪০.০১.০০০০.১০৪.১৬.০০৩.১৭-২২৭

তারিখ: ১৬ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

- ১) জনাব মো: মহিদুর রহমান, যুগ্ম-সচিব, সমন্বয় ও আদালত, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) জনাব সিকদার মোহাম্মাদ তৌহিদুল হাসান, সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) জনাব অনিরুদ্ধ মহালদার, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন ও উন্নয়ন শাখা ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫) জনাব প্রতিষ্ঠা বড়ুয়া, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬) জনাব আসলাম উদ্দিন, পিএ টু অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (অতিরিক্ত মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) অফিস কপি।


মো: মেহেদী হাসান
উপমহাপরিদর্শক (স্বাস্থ্য শাখা)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা,
ফোন: ০২-৮৩৯১৭২৬
ইমেইল: mehedihasan.dife@gmail.com